মুজিববর্ষের অঙ্গীকার
EFD তে NBR

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর)
বাড়ী নং-২১, রোড নং-২৭, সেক্টর নং-০৭, উত্তরা, ঢাকা-১২৩০
ওয়েবসাইট: www.dknvat.gov.bd

অনলাইনে রেজিস্ট্রেশনের জন্য ভিজিট করুন
www.vat.gov.bd

## জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন ও নৈতিকতা কমিটির চতুর্থ ত্রৈমাসিক সভার কার্যবিবরণী

সভার স্থান : কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর), ঢাকার সম্মেলন কক্ষ।

তারিখ : ১৮.০৫.২০২২ খ্রিস্টাব্দ।

সময় : সকাল ১০.০০ ঘটিকা।

সভাপতি : ফারজানা আফরোজ

কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর), ঢাকা।

কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর) এর সভাপতিত্বে ১৮.০৫.২০২২ খ্রিষ্টাব্দে নৈতিকতা কমিটির সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় সদর দপ্তরে কর্মরত সকল পর্যায়ের কর্মকর্তা ও কর্মচারী উপস্থিত ছিলেন। সভাপতি বিভিন্ন দিক নির্দেশনামূলক সাধারণ বক্তব্য শেষে সামগ্রিক শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের উপর আলোচনা করার জন্য অতিরিক্ত কমিশনারকে অনুমতি প্রদান করেন। আলোচ্যসূচী মোতাবেক বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:-

| ক্রম নং | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১. | নৈতিকতা কমিটির সভা আয়োজন | ২০২১-২২ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা অনুযায়ী বিভাগীয় দপ্তরসমূহে শুদ্ধাচার ও নৈতিকতা কমিটির সভা নিয়মিত অনুষ্ঠিত হচ্ছে। সভাপতি শুদ্ধাচার কর্মপরিকল্পনার কার্যক্রমগুলো সংশ্লিষ্ট সকলের অনুধাবন ও বাস্তবায়নের বিষয়ে গুরুত্বারোপ করেন এবং নিয়মিত শুদ্ধাচার কমিটির সভা আহবান করে সভার সিদ্ধান্ত শতভাগ বাস্তবায়নের নির্দেশনা প্রদান করেন। | ২০২১-২২ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা অনুযায়ী বিভাগীয় দপ্তরসমূহে নিয়মিত শুদ্ধাচার ও নৈতিকতা কমিটির সভার আয়োজন করে সভার কার্যবিবরণী সদর দপ্তরে প্রেরণ করতে হবে এবং ২০২২-২৩ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কর্ম পরিকল্পনা প্রণয়নের জন্যও নির্দেশনা প্রদান করা হয়। | ০১। অতিরিক্ত কমিশনার<br>০২। যুগ্ম কমিশনার<br>০৩। উপ কমিশনার<br>০৪। বিভাগীয় কর্মকর্তা |
| ২. | নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন | বিভাগীয় দপ্তরসমূহে নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন করার বিষয়ে আলোচনা করা হয়। নিয়মিত শুদ্ধাচার কমিটির সভা আহবান করে সভার সিদ্ধান্ত শতভাগ বাস্তবায়নের নির্দেশনা প্রদান করেন। | বিভাগীয় দপ্তর পর্যায়ের নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন করতে হবে। | ০১। অতিরিক্ত কমিশনার<br>০২। যুগ্ম কমিশনার<br>০৩। উপ কমিশনার<br>০৪। বিভাগীয় কর্মকর্তা |
| ৩. | সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনদের (Stakeholders) অংশগ্রহণে সভা সংক্রান্ত | রাজস্ব আহরণে বিভিন্ন অংশীজনের সহায়তার লক্ষ্যে অংশীজনের সাথে বিভাগীয় দপ্তর পর্যায়ে সভা আয়োজন করতে হবে। সুশাসন প্রতিষ্ঠার বিষয়ে | জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা অনুযায়ী অংশীজনদের (Stakeholders) | ০১। অতিরিক্ত কমিশনার<br>০২। যুগ্ম কমিশনার<br>০৩। উপ কমিশনার<br>০৪। বিভাগীয় কর্মকর্তা |

| | | | | |
|---|---|---|---|---|
| | | অংশীজনদের সাথে নিয়মিত সভার আয়োজন করার বিষয়ে সভায় গুরুত্ব আরোপ করা হয়। অংশীজনদের সাথে যোগাযোগ ও মিথস্ক্রিয়া বাড়ানোর জন্য ইতোমধ্যে সিরামিকস্, টাইলস এন্ড স্যানিটারি ব্যবসায়ী প্রতিনিধিদের সাথে সভা করা হয়েছে। | অংশগ্রহণে নিয়মিত সভার আয়োজন অব্যাহত রাখতে হবে। | |
| ৪. | শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন | কর্মকর্তা কর্মচারীদের শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণের বিষয়ে সভায় আলোচনা করা হয়। | কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর), ঢাকা এর সদর দপ্তরে প্রশিক্ষণ আয়োজন অব্যাহত রাখতে হবে। | ০১। অতিরিক্ত কমিশনার<br>০২। যুগ্ম কমিশনার<br>০৩। উপ কমিশনার |
| ৫. | কর্ম পরিবেশ উন্নয়ন | সদর দপ্তর, বিভাগীয় দপ্তর ও সার্কেলসমূহে কর্ম পরিবেশ উন্নয়নের বিষয়ে সভায় গুরুত্বারোপ করা হয়। | সদর দপ্তর, বিভাগীয় দপ্তর ও সার্কেলসমূহে কর্ম পরিবেশ উন্নয়ন করতে হবে। | ০১। অতিরিক্ত কমিশনার<br>০২। যুগ্ম কমিশনার<br>০৩। উপ কমিশনার<br>০৪। বিভাগীয় কর্মকর্তা |
| ৬. | জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা, ২০২১-২২ ও ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন স্ব স্ব ওয়েব সাইটে আপলোডকরণ | কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর), ঢাকা এর নিজস্ব ওয়েব সাইটে নিয়মিতভাবে জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা প্রতিবেদন আপলোড করার সিদ্ধান্ত গৃহীত হয়। | কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর), ঢাকা এর নিজস্ব ওয়েব সাইটে নিয়মিতভাবে জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা প্রতিবেদন আপলোড করা হচ্ছে। | ০১। সহকারী প্রোগ্রামার |
| ৭. | আওতাধীন বিভাগ/সার্কেল কর্তৃক দাখিলকৃত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও পরিবীক্ষণ প্রতিবেদনের ওপর ফিডব্যাক প্রদান | বিভাগীয় দপ্তর ও সার্কেলসমূহ কর্তৃক দাখিলকৃত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও পরিবীক্ষণ প্রতিবেদনের ওপর ফিডব্যাক প্রদানের বিষয়ে আলোচনা করা হয়। | বিভাগীয় দপ্তর ও সার্কেলসমূহ কর্তৃক দাখিলকৃত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও পরিবীক্ষণ প্রতিবেদনের ওপর ফিডব্যাক প্রদান করতে হবে। | ০১। অতিরিক্ত কমিশনার<br>০২। যুগ্ম কমিশনার<br>০৩। উপ কমিশনার<br>০৪। বিভাগীয় কর্মকর্তা |
| ৮. | শুদ্ধাচার পুরস্কার প্রদান এবং পুরস্কার প্রাপ্তদের তালিকা ওয়েবসাইটে প্রকাশ | শুদ্ধাচার পুরস্কার প্রদান এবং পুরস্কার প্রাপ্তদের তালিকা ওয়েবসাইটে প্রকাশ করা বিষয়ে আলোচনা করা হয়। | শুদ্ধাচার পুরস্কার প্রদান এবং পুরস্কার প্রাপ্তদের তালিকা ওয়েবসাইটে প্রকাশ করতে হবে। | ০১। অতিরিক্ত কমিশনার<br>০২। যুগ্ম কমিশনার<br>০৩। উপ কমিশনার<br>০৪। বিভাগীয় কর্মকর্তা |
| ৯. | উত্তম চর্চার তালিকা প্রণয়ন করে সদর দপ্তরে প্রেরণ | মাঠ-পর্যায়ের অফিসসমূহ ও বোর্ডের উত্তম চর্চার তালিকা প্রস্তুতকরণের বিষয়ে সভাপতি গুরুত্বারোপ করেন। | উত্তম চর্চার তালিকা জাতীয় রাজস্ব বোর্ডসহ মাঠ পর্যায়ের বিভিন্ন অফিসের দৃশ্যমান স্থানে টানিয়ে রাখার কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | ০১। অতিরিক্ত কমিশনার<br>০২। যুগ্ম কমিশনার<br>০৩। উপ কমিশনার<br>০৪। বিভাগীয় কর্মকর্তা |
| ১০. | ই-ফাইলিং বাস্তবায়ন করা | ই-ফাইলিং প্রক্রিয়ায় নথি নিষ্পত্তি কার্যক্রম এখনও শুরু হয়নি বিধায় তা | ই-ফাইলিং প্রক্রিয়ার প্রশিক্ষণ প্রদানের জন্য | ০১। অতিরিক্ত কমিশনার<br>০২। যুগ্ম কমিশনার |

| | | | | |
|---|---|---|---|---|
| | | চালুকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় গুরুত্ব আরোপ করা হয়। | জাতীয় রাজস্ব বোর্ডে পত্র প্রেরণ করার সিদ্ধান্ত গৃহিত হয়। | ০৩। উপ কমিশনার |
| ১১. | অভিযোগ নিষ্পত্তি করা | অভিযোগ নিষ্পত্তির প্রতিবেদন প্রতিমাসে সদর দপ্তরে প্রেরণ করার উপর সভায় গুরুত্ব আরোপ করা হয়। | অভিযোগ নিষ্পত্তির প্রতিবেদন প্রতি মাসে সদর দপ্তরের জনপ্রশাসন শাখায় প্রেরণ করতে হবে। | ০১। অতিরিক্ত কমিশনার<br>০২। যুগ্ম কমিশনার<br>০৩। উপ কমিশনার<br>০৪। বিভাগীয় কর্মকর্তা |
| ১২. | শাখা/অধিশাখা ও আওতাধীন/অধস্তন কার্যালয় পরিদর্শন | শাখা পরিদর্শন অব্যাহত রয়েছে। শাখা/অধিশাখা এবং অধীনস্থ অফিস পরিদর্শনপূর্বক পরিদর্শন প্রতিবেদন যথাসময়ে প্রণয়নের বিষয়ে সভায় গুরুত্ব আরোপ করা হয়। | স্ব স্ব শাখা/অধিশাখাসমূহ নিয়মিত পরিদর্শন করে পরিদর্শন প্রতিবেদন দাখিল করতে হবে। | ০১। অতিরিক্ত কমিশনার<br>০২। যুগ্ম কমিশনার<br>০৩। উপ কমিশনার<br>০৪। বিভাগীয় কর্মকর্তা |

০৩। সভায় অন্য আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্ত ঘোষণা করেন।

১৮/০৫/২২

**ফারজানা আফরোজ**
কমিশনার
ফোন: ০২-৪৮৯৫৮১১৫
ই-মেইল: commdkn@yahoo.com

নথি নং-২-২(২২)-৪/ঢাকা উত্তর/জঃপ্রঃ/সদর/শুদ্ধাচার কৌশল/২০১৭/৫২৮(২৯) তারিখ:১৮/০৫/২০২২ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতরি জন্য:

০১। সদস্য (শুল্ক ও ভ্যাট প্রশাসন), জাতীয় রাজস্ব বোর্ড, রাজস্ব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।

০২। সদস্য (মূসক বাস্তবায়ন ও আইটি), জাতীয় রাজস্ব বোর্ড, রাজস্ব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।

অনুলিপি অবগতি ও পরবর্তী কার্যক্রমের জন্য:

০৩। অতিরিক্ত কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর), ঢাকা।

০৪। যুগ্ম কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর), ঢাকা।

০৫-০৯। উপ-কমিশনার/সহকারী কমিশনার (সকল), কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর), ঢাকা।

১০-১৬। বিভাগীয় কর্মকর্তা, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট বিভাগ, গুলশান/গাজীপুর/টংগী/ময়মনসিংহ/কিশোরগঞ্জ/নেত্রকোণা/শেরপুর।

১৭। রাজস্ব কর্মকর্তা (সকল), কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর), ঢাকা।

১৮। সহকারী রাজস্ব কর্মকর্তা (সকল), কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর), ঢাকা।

২৯। শাখা সহকারী (সকল), সদর দপ্তর, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর), ঢাকা।

১৮/০৫/২২

**ফেরদৌসী মাহবুব**
ডেপুটি কমিশনার